দুটি বিভাগে শিক্ষা কার্যক্রম চালুর চুড়ান্ত অনুমোদন পেল মেহেরপুর বিশ্ববিদ্যালয়

২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে দুটি নতুন বিভাগে শিক্ষা কার্যক্রম চালুর অনুমোদন পেয়েছে মেহেরপুর বিশ্ববিদ্যালয়। বিভাগ দুটি হলো ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধীনে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE) এবং ফ্যাকাল্টি অব আর্টসের অধীনে ইংরেজি (English) বিভাগ।

আজ রবিবার (১৫ নভেম্বর)পাবলিক বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক ডঃ মুহাম্মদ মহিবুল আহসান স্বাক্ষরিত এক পত্রে এ অনুমোদন দেওয়া হয়।

পত্রের স্মারক নম্বর মেবি/রেজি/বিভাগ অনুমোদন/২০২৬/২২৯। অনুমোদনের ফলে আগামী ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে বিভাগ দুটিতে আনুষ্ঠানিকভাবে শিক্ষা কার্যক্রম শুরু করার সুযোগ তৈরি হয়েছে।